

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 খাদ্য অধিদপ্তর  
 অভ্যন্তরীণ সংগ্রহ শাখা  
 ১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।  
 www.dgfood.gov.bd

তারিখ: ২৫ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ  
 ০৯ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৮৫.০০৩.২৪.৭

বিষয়: চলতি অভ্যন্তরীণ আমন সংগ্রহ, ২০২৪-২৫ মৌসুমে আন্ত:বিভাগীয় সমন্বয়ের মাধ্যমে রাজশাহী বিভাগে ২,০০০ মে.টন  
 আতপ চালের অতিরিক্ত বরাদ্দ প্রদান।

সূত্র: আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহীর স্মারক নং ১৩.০১.০০০০.২৪৫.৩৫.০০২.২৪.১৫, তারিখ: ০৮.০১.২০২৫ খ্রি।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, চলতি অভ্যন্তরীণ আমন সংগ্রহ, ২০২৪-২৫ মৌসুমে ১.০০ (এক) লাখ মে.টন আতপ চালের লক্ষ্যমাত্রার বিপরীতে গত ০৭.০১.২০২৫ খ্রি। পর্যন্ত চালকল মালিকদের অনুকূলে মূল লক্ষ্যমাত্রা ও পুনবরাদ্দসহ ৮৬,৮৭৫ মে.টন চালের বরাদ্দ প্রদান করা হয়েছে।  
 সে মোতাবেক অবরাদ্দকৃত চালের পরিমাণ  $(১০০০০০ - ৮৬,৮৭৫) = ১৩,১২৫$  মে.টন। অবরাদ্দকৃত চালের বিভাগভিত্তিক পরিমাণ নিম্নরূপঃ

ছক-১

ক্র:নং	বিভাগের নাম	অবরাদ্দকৃত চালের পরিমাণ (মে.টন)
১.	রংপুর	২৩৪৫
২.	ঢাকা	৬২২
৩.	ময়মনসিংহ	২৮১২
৪.	খুলনা	১৬৭৩
৫.	চট্টগ্রাম	৫৪৯৭
৬.	সিলেট	১৭৬
সর্বমোট=		১৩,১২৫

সূত্রস্থ ১নং স্মারকে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী তার বিভাগে চালের প্রদত্ত লক্ষ্যমাত্রা ১৬,২৬৩ মে.টন এর অতিরিক্ত আরো ২০০০  
 মে.টন চালের বরাদ্দ প্রদানের জন্য খাদ্য অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করেছেন।

এক্ষণে, রাজশাহী বিভাগে চাহিত ২০০০ (দুই হাজার) মে.টন চালের পরিপ্রেক্ষিতে ছক-১ এ বর্ণিত ময়মনসিংহ বিভাগ থেকে ২০০০ (দুই  
 হাজার) মে.টন আতপ চালের বরাদ্দ কর্তন করে তা অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ এর ৮নং অনুচ্ছেদের (খ) উপ-অনুচ্ছেদ অনুযায়ী  
 আন্ত:বিভাগীয় সমন্বয়ের মাধ্যমে রাজশাহী বিভাগের অনুকূলে অতিরিক্ত ২,০০০ (দুই হাজার) মে.টন চালের বরাদ্দ প্রদান করা হলো। সমন্বয় ও কর্তনের  
 পরে রাজশাহী ও ময়মনসিংহ বিভাগের লক্ষ্যমাত্রার পরিমাণ নিম্নের ছক-২ এ দেখানো হলোঃ

ছক-২

ক্র:নং	বিভাগের নাম	আতপ চালের লক্ষ্যমাত্রা (মে.টন)	অতিরিক্ত প্রদানকৃত লক্ষ্যমাত্রা (মে.টন)	কর্তনকৃত লক্ষ্যমাত্রা (মে.টন)	সমন্বয় ও কর্তনের পরে স্থিরকৃত লক্ষ্যমাত্রা (মে.টন)
১	২	৩	৪	৫	৬
১	রাজশাহী	১৬২৬৩	২০০০	-	১৮২৬৩
২.	ময়মনসিংহ	৭১১১	-	২০০০	৫১১১

অতিরিক্ত প্রদানকৃত লক্ষ্যমাত্রার চাল অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ যথাযথ অনুসরণপূর্বক বিনির্দেশিত মানের চাল ক্রয়ের  
 জন্য অনুরোধ করা হলো।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



০৯-০১-২০২৫  
মোঃ মনিরুজ্জামান  
পরিচালক  
+৮৮-০২-৪১০৫০১৭৮  
dproc@dgfood.gov.bd

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রাজশাহী।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৮৫.০০৩.২৪.৭/১ (৬)

তারিখ: ২৫ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ  
০৯ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যোতির ত্রুমানসারে নয়):

- ১। পরিচালক (সকল), খাদ্য অধিদপ্তর, ঢাকা।।
- ২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ময়মনসিংহ।
- ৩। উপসচিব, অভ্যন্তরীন সংগ্রহ শাখা, খাদ্য মন্ত্রণালয়।
- ৪। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৫। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। পত্রাটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৬। মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।



০৯-০১-২০২৫  
মোঃ মনিরুজ্জামান  
পরিচালক